সাভার পৌরসভা কার্যালয়
সাভার, ঢাকা।
ফোনঃ ০২-৭৭৪১৮১৩


স্মারক নং-সাপৌস/প্রকৌ/ তারিখঃ ..........................

সিদ্ধান্ত : নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে পার্শ্বে উল্লেখিত পরিমাণ নগদ অর্থ বরাদ্দ প্রস্তাবের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

নন-সোলার প্রকল্পের তালিকা

| প্রকল্প নং | প্রকল্পের নাম | নগদ অর্থ (সাধারণ বরাদ্দকৃত অর্থের পরিমাণ) |
|---|---|---|
| ১. | ইমান্দিপুর চৌরাস্তা জামে মসজিদ উন্নয়ন, ইমান্দিপুর, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ২. | International Society for Krishna Consciousness (ISKCON), কাতলাপুর, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৩. | বায়তুল মামূর জামে মসজিদ উন্নয়ন; কাতলাপুর ফুলবাগান, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৪. | বায়তুন নুর জামে মসজিদ উন্নয়ন, ইমান্দিপুর পশ্চিমপাড়া, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৫. | বায়তুন নুর জামে মসজিদ উন্নয়ন, পূর্ব জামসিং জয়পাড়া, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৬. | জামেয়া আশরাফিয়া মসজিদে কোবা উন্নয়ন, নামাগেন্ডা, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৭. | বায়তুল মামুর জামে মসজিদ উন্নয়ন, সবুজবাগ বনপুকুর, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৮. | বায়তুশ শরীফ জামে মসজিদ উন্নয়ন, আড়াপাড়া, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ৯. | আলবেদ বাইতুন নূর জামে মসজিদ উন্নয়ন, দক্ষিণ রাজাশন, সাইনবোর্ড, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ১০. | গাউছুল আজম জামে মসজিদ উন্নয়ন, উত্তর রাজাশন, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ১১. | ব্যাংক কলোনী জামিয়া ইসলামিয়া মদিনাতুল উলূম মাদ্রাসা উন্নয়ন, ব্যাংক কলোনী, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ১২. | বক্তারপুর জামে মসজিদ উন্নয়ন, বক্তারপুর, সাভার, ঢাকা। | ৬২,৭৮২.৭৮ |
| ১৩. | বায়তুন নূর জামে মসজিদ উন্নয়ন, সাভার দক্ষিণপাড়া, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ১৪. | ইসলামিক শিক্ষা সহায়ক সংস্থা (ইশিসস) উন্নয়ন, তালবাগ, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| ১৫. | অমরপুর জামে মসজিদ উন্নয়ন, অমরপুর, সাভার, ঢাকা। | ৫০০০০.০০ |
| | মোট = | ৭,৬২,৭৮২.৭৮ |

টাকা (কথায়) : ৭,৬২,৭৮২.৭৮ (সাত লক্ষ বাষট্টি হাজার সাতশত বিরাশি টাকা আটষট্টি পঁয়সা) টাকা মাত্র।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

15/06/23

(মো. আমজাদ হোসেন)
নির্বাহী প্রকৌশলী
সাভার পৌরসভা, ঢাকা।

(হাজী মোঃ আবদুল গনি)
মেয়র
সাভার পৌরসভা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তর)
www.dhaka.gov.bd

স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০২৮.২৩-৪৭১ তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

প্রেরক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
সাভার, ঢাকা।

বিষয় : ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) কর্মসূচির আওতায় সাধারন খাতে পৌরসভাওয়ারি ৩য় কিস্তির প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ টাকা উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২-১৩৪, তারিখ: ১১-০৬-২০২৩খ্রি.
(খ) মেয়র, সাভার পৌরসভা, ঢাকার স্মারক নং-প্রকৌ/২০২২-২০২৩/৫২৯, তারিখ: ১৮-০৬-২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) কর্মসূচির আওতায় ৩য় কিস্তিতে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে বরাদ্দকৃত টাকা দ্বারা প্রকল্প বাস্তবায়নের জন্য পৌরসভা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কমিটির সভায় গৃহীত প্রকল্পসমূহ জেলা কর্ণধার কমিটির ১৯-০৬-২০২৩ তারিখের সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে। অনুমোদিত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ অনুসরণপূর্বক বাস্তবায়নের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকার অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র. নং | পৌরসভার নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | গৃহীত প্রকল্প সংখ্যা | প্রাক্কলিত টাকার পরিমাণ | উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৩ | সাভার পৌরসভা | ৭,৬২,৭৮২/৭৮ | ১৫(পনের) | ৭,৬২,৭৮২/- | ৭,৬২,৭৮২/-(সাত লক্ষ বাষট্টি হাজার সাতশত বিরাশি) |

শর্তাসমূহ :

(১) বরাদ্দকৃত টাকা বিলের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে উত্তোলন করতে হবে।
(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কাজ আগামী ৩০-০৬-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(৩) এ কর্মসূচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টি.আর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;
(৪) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প প্রাক্কলন প্রণয়নপূর্বক বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে। কোন অবস্থায় প্রকল্প প্রাক্কলন প্রণয়ন ব্যতিত টাকা ছাড় করা যাবে না।
(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;
(৮) কোন প্রকল্পসমূহ ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/আইন বিধির আওতায় আনতে হবে;
(৯) প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;
(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
(১১) যে কোন প্রকল্প/প্রকল্পসমূহ দ্বৈত হলে কোন অবস্থায় বরাদ্দকৃত টাকা ছাড় করা যাবে না। প্রকল্পটি/প্রকল্পসমূহের অনুকূলে প্রদত্ত বরাদ্দ বাতিলের প্রস্তাব প্রেরণ করতে হবে।
(১২) প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
(১৩) প্রকল্পসমূহ বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীতি তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-০২